

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
শুজলা শাখা  
www.mefwd.gov.bd



নং- ৫৯.০০.০০০০.১১৭.২৭.০৫৩.২০-২১৩

তারিখ: ০৭ পৌষ ১৪২৭  
২২ ডিসেম্বর ২০২০

বিষয়ঃ 'সরকারি কর্মচারী (শুজলা ও আপিল) বিধিমালা, ২০১৮'-এর বিধি-৩ এর দফা (খ) মোতাবেক ব্যক্তিগত শুনানি গ্রহণ।

- সূত্রঃ (১) স্মারক নম্বরঃ ৫৯.০০.০০০০.১১৭.২৭.০৫৩.২০-১৮৯, তারিখঃ ১৫/১১/২০২০ খ্রি.  
(২) ডা: সৈয়দা সুলতানা পারভীন, মেডিকেল অফিসার ২৫/১১/২০২০ খ্রি. তারিখের পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে নিম্নস্বাক্ষরকারী আদিত হয়ে জানাচ্ছে যে, ডা: সৈয়দা সুলতানা পারভীন, মেডিকেল অফিসার (এমসি এইচ এফপি) বাবুগঞ্জ বরিশাল-এর বিরুদ্ধে "সরকারি কর্মচারী (শুজলা ও আপিল) বিধিমালা, ২০১৮"-এর বিধি-৩ এর দফা (খ) মোতাবেক 'অসদাচরণ'-এর দায়ে গত ১৫/১১/২০২০ খ্রি. তারিখের ১৮৯ নম্বর স্মারকে রুজুকৃত বিভাগীয় মামলায় আনীত অভিযোগের বিষয়ে ব্যক্তিগত শুনানি আগামী ২৯/১২/২০২০ খ্রি: তারিখ রোজ মঙ্গলবার বিকাল ৪:০০ টায় স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের সচিব মহোদয় কর্তৃক তাঁর অফিস কক্ষে (কক্ষ নং-৩১১, ভবন নং-৩, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) গ্রহণ করা হবে।

২। প্রয়োজনীয় সাক্ষ্য-প্রমাণসহ নির্ধারিত তারিখ ও সময়ে শুনানিতে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২১/১২/২০২০  
(উম্মে কুলসুম)  
উপসচিব

ফোন: ৯৫৪৬৩৭৬  
Email: disc1@mefwd.gov.bd

ডা: সৈয়দা সুলতানা পারভীন  
মেডিকেল অফিসার (এমসি এইচ এফপি)  
বাবুগঞ্জ, বরিশাল।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫।  
(সংশ্লিষ্ট নথি-পত্রসহ একজন উপযুক্ত কর্মকর্তাকে উল্লিখিত শুনানিতে প্রেরণের অনুরোধসহ)।
- ২। উপসচিব (নিরাপত্তা-২ অধিশাখা), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
(সংশ্লিষ্ট কর্মকর্তাদের বাংলাদেশ সচিবালয়ে প্রবেশের অনুমতি প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৩। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। উপ-পরিচালক, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, বরিশাল।
- ৬। অতিরিক্ত সচিব (জনসংখ্যা, পরিবার কল্যাণ ও আইন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। যুগ্মসচিব (শুজলা)-এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, ঢাকা।

নং- ৫৯.০০.০০০০.১১৭.২৭.০৪৬.১৭- ২২৪

তারিখ: ০৭ পৌষ ১৪২৭  
২২ ডিসেম্বর ২০২০

### প্রজ্ঞাপন

যেহেতু, ডা: ইয়াসমিন শাম্মী আহম্মেদ, মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, গোয়াইনঘাট, সিলেট এর বিরুদ্ধে অভিযোগ উত্থাপিত হয় যে, তিনি সিলেট মা ও শিশু কল্যাণ কেন্দ্রে কর্মকালীন গত ০১/০৮/২০০৬ খ্রি: তারিখ হতে ২৮/১১/২০০৬ খ্রি: তারিখ পর্যন্ত অর্জিত ছুটির আবেদন করে কর্তৃপক্ষের অনুমতি ও ছুটি অনুমোদন ব্যতীত কর্মস্থলে অনুপস্থিত থাকেন। পরবর্তীতে পুনরায় ২৯/১১/২০০৬ হতে ২৭/০১/২০০৭ খ্রি: তারিখ পর্যন্ত এবং ২৮/০১/২০০৭ হতে ২৮/০৩/২০০৭ খ্রি: তারিখ পর্যন্ত চিকিৎসাজনিত কারণে অর্জিত ছুটির আবেদন করে ছুটি মঞ্জুর ব্যতিরেকে কর্মস্থলে অনুপস্থিত থাকেন। তাকে সিলেট জেলার গোয়াইনঘাট উপজেলায় মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) পদে বদলি করা হলে তিনি ০৮/০৩/২০০৭ তারিখে বদলিকৃত কর্মস্থলে যোগদান করে পুনরায় ২০/০৩/২০০৭ হতে ৩০/০৬/২০০৭ খ্রি: তারিখ পর্যন্ত চিকিৎসাজনিত কারণে অর্জিত ছুটির আবেদন করে কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে কর্মস্থলে অনুপস্থিত থাকায় সরকারী কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর ৩(বি) মোতাবেক বিভাগীয় মামলা রুজু করে অত্র মন্ত্রণালয়ের ০৩-০২-২০০৯ তারিখের স্বাপকম/শুংখলা-২/অভি-৩৬/২০০৮/১০১ নং স্মারকে অভিযুক্তকে প্রথম কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;


০২। যেহেতু, প্রথম কারণ দর্শানো নোটিশের জবাব যথাসময়ে দাখিল না করায় অভিযুক্ত কর্মকর্তাকে ১৯৭৯ সালের সরকারী কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশের ৩(বি) ধারায় দোষী সাব্যস্তে উক্ত অধ্যাদেশের ৪(এ) ধারা মোতাবেক কেন 'চাকরি হইতে বরখাস্ত (Dismissal from Service)' করা হবেনা এ মর্মে ২৭/০৭/২০০৯ খ্রি: তারিখের স্বাপকম/শুংখলা-২/অভি-৩৬/২০০৮/৫৩৬ নং স্মারকে ২য় কারণ দর্শানো নোটিশ জারি করা হয়। উক্ত নোটিশটি তার সর্বশেষ জ্ঞাত বাসস্থানের সহজে দৃষ্টিগোচর স্থানে লটকাইয়া জারি করা হয়;

০৩। যেহেতু, তিনি ২য় কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেননি এবং অদ্যাবধি কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন এবং কর্তৃপক্ষ তাকে দোষী সাব্যস্ত করে বর্ণিত অধ্যাদেশের ৪(এ) ধারা মোতাবেক সরকারি 'চাকরি হইতে বরখাস্ত (Dismissal from Service)' করার সিদ্ধান্তের বিষয়ে মতামত প্রদানের জন্য গত ০৩/১১/২০২০ খ্রি: তারিখের ৫৯.০০.০০০০.১১৭.২৭.০৪৬.১৭-১৭৫ নং স্মারকে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ে পত্র প্রেরণ করা হয়;

০৪। যেহেতু, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় গত ০২/১২/২০২০ খ্রি: তারিখের ৮০.০০.০০০০.১০৭.৩৪.০১৬.২০-২০৩ নং স্মারকে অভিযুক্ত কর্মকর্তাকে সরকারি 'চাকরি হইতে বরখাস্ত' করার বিষয়ে একমত পোষণ করে মতামত প্রদান করেছে;

০৫। সেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ডা: ইয়াসমিন শাম্মী আহম্মেদ-কে সরকারী কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর ৩(বি) ধারা অনুযায়ী বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির অভিযোগে দোষী সাব্যস্তে উক্ত অধ্যাদেশের ৪(এ) ধারা মোতাবেক 'চাকরি হইতে বরখাস্ত' দণ্ড প্রদান করা হলো।

এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।


  
(মোঃ আলী নূর)  
সচিব

নং- ৫৯.০০.০০০০.১১৭.২৭.০৪৬.১৭-২১৪

তারিখ: ০৭ পৌষ ১৪২৭  
২২ ডিসেম্বর ২০২০

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
- ২। পরিচালক, এমআইএস, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫ (ডেটাবেইজে সংরক্ষণ করার জন্য);
- ৩। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (পরবর্তী গেজেটে প্রকাশ ও প্রকাশিত গেজেটের কপি এ বিভাগে প্রেরণের অনুরোধসহ)।
- ৪। উপপরিচালক, পরিবার পরিকল্পনা কার্যালয়, সিলেট।
- ৫। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, সিলেট।
- ৬। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, গোয়াইনঘাট, সিলেট।
- ৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশ এবং সম্ভব হলে সংশ্লিষ্ট কর্মকর্তার ই-মেইলে প্রেরণের অনুরোধসহ)।
- ৮। ডা: ইয়াসমিন শাম্মী আহমেদ, মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, গোয়াইনঘাট, সিলেট।

  
২২/১২/২০২০  
(উম্মে কুলসুম)

উপসচিব

ফোন: ৯৫৪৬৩৭৬

Email: [disc1@mefwd.gov.bd](mailto:disc1@mefwd.gov.bd)